



প্রধান প্রকৌশলীর দপ্তর,  
ঢাকা বিশ্ববিদ্যালয়,  
ঢাকা-১০০০

-ঃ নিলাম নোটিশঃ-

মেমো নং...../প্রকৌঃ


তারিখ. /২০২২

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারে কিছু পুরাতন অকেজো যন্ত্রপাতি ও আসবাবপত্রসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় প্রকাশ্যে নিলামে বিক্রয় করা হইবে। আগামী ১৩/০৬/২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারে নিলাম অনুষ্ঠিত হইবে।

নিলামে অংশ গ্রহনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তত্ত্বাবধায়ক প্রকৌশলী জোন-৪, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে ৩,০০০/=(তিন হাজার) টাকার পে-অর্ডার (ফেরৎযোগ্য) জমা দিয়ে নিলামে অংশ গ্রহন করিতে হইবে।

সর্বোচ্চ ডাককারীকে তাৎক্ষণিকভাবে মোট মূল্যের কমপক্ষে ২৫%টাকা জামানত হিসাবে জনতা ব্যাংক, টি.এস.সি.শাখায় জমা দিতে হইবে। কার্যাদেশ পাওয়ার ৩ (তিন) দিনের মধ্যে অবশিষ্ট টাকা ভ্যাটসহ জনতা ব্যাংক, টি.এস.সি.শাখায় জমা দিতে হইবে এবং ৭ (সাত) দিনের মধ্যে সিডিউলে উল্লেখিত মালামাল সমূহ সাইট হইতে অপসারণ করিয়া নিতে হইবে। সাইট পরিষ্কার করার পর জামানতের ৩,০০০/=(তিন হাজার) টাকা ফেরৎ দেওয়া হইবে।

ইচ্ছুক প্রতিষ্ঠান বা ব্যক্তিগনকে নিম্নস্বাক্ষরকারীর নিকট হইতে মালামালের সিডিউল সংগ্রহ করিয়া প্রতিদিন অফিস চলাকালীন সময় বিদ্যমান মালামাল পরিদর্শন করিতে পারিবেন। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ ডাককারীর দর সহ যে কোন ডাক বাতিল বা গ্রহন করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্ত ডাককারীগন মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

  
২৩/০৬/২০২২  
(মিরাজুল হুদা)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জোন-৪,  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং ১১০৬(৬৫)/প্রকৌঃ

তারিখ. ২৩/৬/২০২২